জরুরী কোভিড-১৯ সংক্রান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-স্বাঃঅধিঃ/অতিঃ মহাপরিঃ (প্রশাসন)/২০২০/ ১০৬

তারিখ: ১৯/০৬/২০২০ ইং

বরাবর
UHFPO (সকল)
উপজেলা হেলথ এন্ড ফ্যামিলি প্লানিং অফিস
স্বাস্থ্য অধিদপ্তর।

**বিষয়ঃ লেভেল/ক্যাটাগরি অনুযায়ী Cover All, Gown এবং Mask গ্রহণ এবং সেই অনুযায়ী কোভিড-১৯ SCM পোর্টালে সংযোজন/গ্রহণ (এন্ট্রি), সংরক্ষন ও বিতরণ করার নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ রোগীর সেবায় নিয়োজিত স্বাস্থ্যসেবা প্রদানকারীগণের (ডাক্তার, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবাদানকারী) ব্যবহৃত ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী যেমন-**Cover All** এবং **Gown** গুলোকে ব্যবহারকারীর ক্যাটাগরি/ধরন অনুযায়ী Level-1, Level-2, Level-3 এবং Level-4 এই চার ভাগে ভাগ করা হয়েছে। সেই অনুযায়ী কোভিড-১৯ SCM পোর্টালে উক্ত ব্যক্তিগত সুরক্ষাসামগ্রীগুলকেও Level-1, Level-2, Level-3 এবং Level-4 এই চার ভাগে ভাগ করা হয়েছে। ফলে এখন থেকে কোভিড-১৯ SCM পোর্টালে **Cover All** এবং **Gown** এর তথ্য সংযোজনের ((এন্ট্রি) সময় নির্ধারিত লেভেল অনুযায়ী সংযোজন করা এবং ব্যবহারকারীর ক্যাটাগরি/ধরন অনুযায়ী সেগুলো গ্রহণ, সংরক্ষন ও বিতরন করার জন্য আপনাকে নির্দেশ প্রদান হল। এখন থেকে উক্ত পণ্যগুলো ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত Level-1, Level-2, Level-3 এবং Level-4 স্পেসিফিকেশন অনুযায়ী **মান নির্ণয়ের সনদ** (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নাম্বার, ম্যনুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) করার জন্য নির্দেশ প্রদান করা হল।

এছাড়া পূর্ববর্তী স্টকে থাকা PPE গুলোকে PPE-এর ধরণ এবং ব্যবহার উপযোগিতা বুঝে লেভেল অনুযায়ী সমন্বয় করাসহ নতুন করে পুরনো আইটেমের বিপরীতে কোন **Cover All** এবং **Gown** গ্রহণ এবং SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) না করার জন্য নির্দেশ প্রদান করা হল।

**Cover All** এবং **Gown** লোকাল প্রকিউরমেন্ট এবং ডোনেশনের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত মান (Level-1, Level-2, Level-3 এবং Level-4) অনুযায়ী মান নির্ণয়ের সনদ (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নাম্বার, ম্যনুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) করার জন্য নির্দেশ প্রদান করা হল।

প্রসঙ্গত উল্লেখ্য যে, Level-3 এর নিচের মানের (শুধুমাত্র PPE-এর চরম অপ্রাপ্যতার সময় প্রযোজ্য ক্ষেত্রে লেভেল-২ গ্রহণযোগ্য) কোনো PPE স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ না করার জন্য নির্দেশ প্রদান করা হল।

**Mask**-এর নামকরণ পরিবর্তন করা হয়েছে এবং সেই অনুযায়ী SCM পোর্টালেও প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। এখন থেকে উক্ত পণ্য ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী **মান নির্ণয়ের সনদ** (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নাম্বার, ম্যনুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন/গ্রহন (এন্ট্রি), সংরক্ষন ও বিতরণ করার জন্য নির্দেশ প্রদান করা হল।

পূর্ববর্তী স্টকে থাকা **Mask** গুলোকে ধরণ এবং ব্যবহার উপযোগিতা বুঝে নতুন নামকরণ অনুযায়ী সমন্বয় করার জন্য নির্দেশ প্রদান করা হল।

এতে মহা পরিচালকের সম্মতি আছে।

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও
সভাপতি
টেকনিক্যাল কমিটি, ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাঃঅধিঃ/অতিঃ মহাপরিঃ (প্রশাসন)/২০২০/ ১০৬

তারিখঃ ১৯/০৬/২০২০ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য অধিদপ্তর**
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৪। অতিরিক্ত সচিব, হাসপাতাল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৯। পরিচালক, প্রশাসন/রোগ নিয়ন্ত্রণ/আইইডিসিআর/পরিকল্পনা ও উন্নয়ন/আইপিএইচ/এমবিডিসি, মহাখালী, ঢাকা।
১০। বিভাগীয় পরিচালক (সকল), স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর।
১১। সিভিল সার্জন (সকল), স্বাস্থ্য অধিদপ্তর।
১২। প্রোজেক্ট ডাইরেক্টর, MTaPS, এমএসএইস।
১৩। প্রোজেক্ট ডাইরেক্টর, BHB, এমএসএইস।

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও
সভাপতি
টেকনিক্যাল কমিটি, ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

সংযুক্তিঃ

১। লেভেল অনুযায়ী PPE-এর শ্রেনীবিন্যাস এবং সেই অনুযায়ী PPE সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের নির্দেশিকা।
২। SCM পোর্টালে PPE-এন্ট্রির সংশোধিত গাইডলাইন।

# Government of the People's Republic of Bangladesh
## Directorate General of Drug Administration
## AushadhVaban
## Mohakhali, Dhaka-1212, Bangladesh

**সভার কার্যবিবরণী ঃ**

| Meeting Minutes | Chairperson | মোঃ রুহুল আমিন<br>পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। |
|---|---|---|
| | Date | ১৫/০৬/২০২০ |
| | Time | সকাল ১১.০০ ঘটিকা। |
| | Venue | ঔষধ প্রশাসন অধিদপ্তের সম্মেলন কক্ষ। |
| | Minutes Taken By | মোঃ রাজিবুল হাবিব, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। |
| | Minutes Reviewed By | মোঃ সালাহউদ্দিন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। |

| Attendees | Enclosed (as per Form- NRA-NRS-004/F02-01) |
|---|---|

| Agenda | No. | Meeting Topics |
|---|---|---|
| | 1. | বিভিন্ন লেভেলের PPE (গাউন) ব্যবহার বিষয়ে আলোচনা। |

**Discussions: main discussions in Short form (if required)**

সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, কেন্দ্রীয় ঔষধাগার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় ডাঃ মোঃ রিজওয়ানুল করিম, সহযোগী অধ্যাপক, স্বাস্থ্য অধিদপ্তর বলেন, করোনা রোগী (COVID 19) চিকিৎসা ও নমুনা সংগ্রহের জন্য Level 3 ও Level 4 (গাউন) ব্যবহার করা যথার্থ হবে। একই সাথে তিনি লেভেল ৩ ও লেভেল ৪ PPE (গাউন) এর Breathability নিশ্চিত করা আবশ্যক বলে অভিমত ব্যক্ত করেন। তিনি আরও বলেন স্বাস্থ্য অধিদপ্তরের "কোভিড-১৯ সেবাদানকারীদের পিপিপি ব্যবহারের আদর্শ নিয়মাবলী" সংক্রান্ত একটি গাইডলাইন রয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর প্রতিনিধি জনাব মোহাম্মদ ইসমাইল রামজী বলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং USFDA এর গাইডলাইনে PPE (গাউন) এ প্রকারভেদ Level 1, Level 2, Level 3, Level 4 রয়েছে। তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর V4 গাইডলাইন (Current guideline) এবং USFDA এর গাইডলাইন অনুযায়ী Level 1, Level 2, Level 3, Level 4 PPE (গাউন) করোনা রোগী (COVID 19) Treatment area-তে ব্যবহার করার Reference উল্লেখ করেন।

ডাঃ মোঃ জাকির হোসাইন, উপপরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, PPE (গাউন) এর ব্যবহার সম্পর্কিত প্রশিক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

ডঃ মোঃ মোহিদুস সামাদ খান, সহযোগী অধ্যাপক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রণীত গাইডলাইনে বিভিন্ন লেভেলের PPE (গাউন) এর টেস্টিং প্যারামিটার এ Breathability প্যারামিটার অন্তর্ভুক্ত করা প্রয়োজন বলে মত প্রদান করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ সালাহউদ্দিন বলেন যে, ঔষধ প্রশাসন অধিদপ্তর ন্যাশনাল রেগুলেটরী অথরিটি (NRA) হওয়ায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং অন্যান্য আন্তর্জাতিক রেগুলেটরী অথরিটির সাথে সামঞ্জস্যপূর্ণভাবে (Harmonized guideline অনুযায়ী) কাজ করে। ঔষধ প্রশাসন অধিদপ্তর বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত PPE (গাউন) সমূহকে আন্তর্জাতিক গাইডলাইন অনুযায়ী ০৪টি শ্রেণী যথা Level 1: Minimal risk, Level 2: low risk, Level 3: Moderate

Scanned with CamScanner

sk, Level 4: High risk হিসাবে শ্রেণীভুক্ত করেছে এবং ঔষধ প্রশাসন অধিদপ্তর enlisted Laboratory এর Test Report মোতাবেক Level 1, Level 2, Level 3, Level 4 হিসাবে NOC প্রদান করে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে মতামত প্রদানের জন্য ধন্যবাদ প্রদান করেন। সভার আলোচনা এবং মতামতের পরিপ্রেক্ষিতে উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**Action Items/ Decisions**

| No. | New Actions/ Decisions | Responsibilities | Deadline |
|---|---|---|---|
| 1. | ঔষধ প্রশাসন অধিদপ্তর বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ও বিভিন্ন আন্তর্জাতিক রেগুলেটরী অথরিটির গাইডলাইনের সাথে সামঞ্জস্য রেখে প্রাপ্ত Test report এর ভিত্তিতে PPE (গাউন) এর প্রকারভেদ Level 1, Level 2, Level 3, Level 4 হিসাবে বিবেচনা করা যেতে পারে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | |
| 2. | করোনা রোগী (COVID 19) চিকিৎসা ও করোনায় আক্রান্ত রোগীর নমুনা সংগ্রহের ক্ষেত্রে কেবলমাত্র Level 3 ও Level4 PPE (গাউন) ব্যবহার করা নিরাপদ ও যৌক্তিক হবে। | স্বাস্থ্য অধিদপ্তর ও কেন্দ্রীয় ঔষধাগার | |
| 3. | লেভেল ৩ ও লেভেল ৪ PPE (গাউন) এর Breathability নিশ্চিত করতে হবে। এজন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ইতঃপুর্বে প্রণীত PPE (গাউন) সম্পর্কিত গাইডলাইনে Breathability Parameter টি সুনির্দিস্টভাবে অন্তর্ভুক্ত করতে হবে। প্রণীত গাইডলাইনে বিভিন্ন লেভেলের PPE (গাউন) এর Intended use এর উদাহরণে বিভিন্ন Infectious diseases (যেমন COVID 19) উদাহরণ হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | |
| 4. | স্বাস্থ্য অধিদপ্তরের কর্তৃক প্রণীত "কোভিড-১৯ সেবাদানকারীদের পিপিপি ব্যবহারের আদর্শ নিয়মাবলী" সংক্রান্ত গাইডলাইন অনুসরণ করা যেতে পারে। PPE (গাউন) এর ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে আনুরোধ করা যেতে পারে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | |

২১/০৬/২০২০

মোঃ রুহুল আমিন
পরিচালক (প্রশাসন)
ঔষধ প্রশাসন অধিদপ্তর।

**Distribution:**

| No. | Name | Designation | Department | Address | Sign (if available) |
|---|---|---|---|---|---|
| 1. | | | | | |
| 2. | | | | | |

Scanned with CamScanner